উচ্চতর বাংলা

প্রথম পত্র

কোর্স কোড : **HSC-1854**

হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট প্রোগ্রাম

(এইচএসসি প্রোগ্রাম)

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

This book is licensed under the
Creative Commons Attribution 4.0 International License.

উচ্চতর বাংলা

প্রথম পত্র

কোর্স কোড : HSC-1854

হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট প্রোগ্রাম
(এইচএসসি প্রোগ্রাম)

রচনা ও সংকলনে

ড. মো. চেঙ্গীশ খান
সহযোগী অধ্যাপক (বাংলা)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

ড. বিশ্বজিৎ ঘোষ
অধ্যাপক, বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

কামাল উদ্দিন শামীম
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ
শেখ লুৎফর রহমান আদর্শ সরকারি কলেজ, গোপালগঞ্জ।

সম্পাদক

ড. মো. চেঙ্গীশ খান
সহযোগী অধ্যাপক (বাংলা)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
ও
ড. ভীষ্মদেব চৌধুরী
অধ্যাপক, বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

সমন্বয়কারী

ড. মো. চেঙ্গীশ খান
মেহেরীন মুনজারীন রত্না

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

উচ্চতর বাংলা

প্রথম পত্র

কোর্স কোড : HSC-1854

এইচএসসি প্রোগ্রাম

প্রথম প্রকাশ : এপ্রিল, ২০১৭

প্রচ্ছদ

কাজী সাইফুদ্দীন আব্বাস

প্রচ্ছদ গ্রাফিক্স

আব্দুল মালেক

কম্পিউটার কম্পোজ

মো. সিদ্দিকুল ইসলাম

© বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

ISBN 978-984-34-3142-4

প্রকাশনায়

প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর–১৭০৫

মুদ্রণ

... ...

... ...

কোর্সবই অনুসরণ করার নির্দেশনা

কোর্স পরিচিতি (Course Overview)

কোর্সের নাম : উচ্চতর বাংলা প্রথম পত্র **কোর্স কোড : (HSC-1854)**

এইচএসসি প্রোগ্রামের উচ্চতর বাংলা প্রথম পত্র বইটি এক বছরের জন্য পাঠ্য। বইটি দূরশিক্ষণ পদ্ধতির শিক্ষার্থীদের জন্য রচিত হয়েছে। দূরশিক্ষণ পদ্ধতির মূল কথাই হল স্বনির্ভর পাঠ ব্যবস্থাপনা। এ পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থী নিজ দায়িত্বে নিজের সুবিধামতো সময়ে শেখার কাজে নিয়োজিত হতে পারেন। পাঠসামগ্রী উপস্থাপনার এ পদ্ধতি মডুলার পদ্ধতি নামে পরিচিত। এটি একই সাথে পাঠ্যপুস্তক ও শিক্ষকের ভূমিকা পালন করে। এতে শিক্ষার্থীরা শিক্ষকের সরাসরি সহায়তা ছাড়া নিজেই পড়াশোনা করতে পারেন। জাতীয় শিক্ষানীতি-২০১০-এর আলোকে এনসিটিবি'র নতুন কারিকুলামের সঙ্গে সামঞ্জস্য রেখে এই বইটি স্বশিখন পদ্ধতিতে প্রণয়ন করা হয়েছে এবং বিষয়বস্তুর ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বইটিকে অনুসরণ করা হয়েছে। এতে ৬টি ছোটগল্প, কাজী নজরুল ইসলামের 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থ, আবু ইসহাক-এর 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসটি স্থান পেয়েছে এবং প্রতিটি গল্প, কবিতা ও উপন্যাসকে এক-একটি ইউনিট হিসেবে বিবেচনা করা হয়েছে। প্রতি ইউনিটের শুরুতে ভূমিকা দেওয়া হয়েছে। স্বতন্ত্র এ ইউনিটগুলো পড়লে বিশিষ্ট কোন্ দিকগুলো জানা যাবে তা ইউনিটের উদ্দেশ্যে বলা আছে। আবার, প্রতিটি পাঠের শুরুতে ঐ পাঠের শিখনফল/উদ্দেশ্য যুক্ত করা হয়েছে, যাতে শিক্ষার্থী শিখনফল অনুযায়ী জ্ঞান অর্জিত হলো কি না তা যাচাই করতে পারেন। শিক্ষার্থীকে প্রতিটি মূলপাঠ অবশ্যই বুঝে পড়তে হবে এবং এ ক্ষেত্রে নির্বাচিত শব্দের অর্থ ও টীকাগুলো দেখে নিতে হবে। শব্দার্থগুলো বর্ণানুক্রমিক সাজানো হয়েছে, যাতে শিক্ষার্থীর অভিধান দেখার অভ্যাস গড়ে ওঠে। প্রতিটি পাঠের শেষে সারসংক্ষেপ দেয়া আছে। এ ছাড়া শিক্ষার্থীর স্ব-মূল্যায়নের উদ্দেশ্যে প্রতিটি পাঠের শেষে পাঠোত্তর মূল্যায়নে বহু নির্বাচনি প্রশ্ন এবং ইউনিটের শেষে সৃজনশীল প্রশ্ন দেয়া হয়েছে। রচনামূলক প্রশ্নের উত্তর কীভাবে লিখতে হবে তার একটি নমুনা উত্তর দেয়া হয়েছে। সবশেষে আছে অ্যাসাইনমেন্ট বা বাড়ির কাজ। বানানের ক্ষেত্রে বাংলা একাডেমির বানানরীতি অনুসরণ করা হয়েছে এবং প্রযোজ্য ক্ষেত্রে সামঞ্জস্য রক্ষার্থে লেখক কর্তৃক লিখিত বানানের পরিবর্তন করা হয়েছে।

প্রমিত বাংলা ভাষার ব্যবহারে দক্ষতা অর্জন, মানস গঠন, ব্যক্তিত্ব বিকাশ এবং সর্বোপরি সংস্কৃতিবান ও রুচিশীল মানুষ হিসেবে গড়ে তুলতে এই পাঠ্যবইটি সাহায্য করবে। এর মাধ্যমে শিক্ষার্থীদের প্রায়োগিক ভাষাদক্ষতা অর্জন ও সাহিত্য-সংস্কৃতির প্রতি আগ্রহ সৃষ্টি হবে। এ ছাড়া কল্পনাশক্তি, অনুসন্ধিৎসা, মানবীয় গুণাবলি ও চিন্তাশক্তিকে বিকশিত, সুসংহত ও প্রাগ্রসর করার সুযোগ পাবে। এই পাঠ্যসূচিকে যথাসম্ভব ভারমুক্ত ও আনন্দদায়ক করে প্রস্তুত করা হয়েছে। ভাষা-আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়তে শিক্ষার্থীদের যোগ্য করে গড়ে তোলা এই পর্যায়ের শিক্ষার একটি অন্যতম উদ্দেশ্য। জাতীয় শিক্ষানীতি-২০১০-এর লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাক্রমে দেশের অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, প্রযুক্তিগত উন্নতি, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, সমকালীন চাহিদা ও পরিবেশগত বিষয়গুলো বিবেচনায় নিয়েছে। পাঠ্যবইটির বিষয় নির্বাচন ও উপস্থাপনের ক্ষেত্রে শিক্ষার্থীর সৃজনশীল প্রতিভার বিকাশ সাধনের দিকে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। স্ব-শিখন পাঠসামগ্রী হিসেবে এটি দূরশিক্ষণ শিক্ষার্থীদের আনন্দদায়ক পাঠ ও প্রত্যাশিত দক্ষতা অর্জন নিশ্চিত করবে বলে আশা করি।

শিক্ষার্থীরা যাতে বইটি পড়ে অধিকতর সুফল লাভ করতে পারে সেজন্য নিচে কিছু নির্দেশনা তুলে ধরা হল :

- ইউনিটের শিরোনাম ও ভূমিকা পড়ে সম্ভাব্য বিষয়বস্তু কী হতে পারে সে-সম্পর্কে ধারণা করুন।
- পাঠভিত্তিক উদ্দেশ্যগুলো পড়ে এই পাঠ থেকে কী কী শিখতে পারবেন তা জেনে নিন।
- এরপর মূলপাঠ ভালোভাবে অধ্যয়ন করুন। অধ্যয়নের পর শিখনফলগুলো অর্জিত হল কিনা তা ভালোভাবে যাচাই করুন। যদি শিখনফল অর্জিত না হয় তাহলে বিষয়বস্তু পুনরায় অধ্যয়ন করুন।
- টিউটোরিয়াল সার্ভিসকে কার্যপোযোগী করতে আপনার পাঠ্যপুস্তকটির সকল অধ্যায়কে ততটি অংশে ভাগ করে নিন। প্রথম টিউটোরিয়াল ক্লাসে যাওয়ার আগে আপনার ভাগকৃত অংশটি ভালোভাবে অধ্যয়ন করুন। কোনো অধ্যায়ের বিষয়বস্তু অধ্যয়নের সময় যে বিষয়গুলো অপেক্ষাকৃত কঠিন/দুর্বোধ্য মনে হয়েছে তা চিহ্নিত করে আপনার নোট খাতায় লিপিবদ্ধ করুন এবং কঠিন বিষয়গুলো সমাধানের জন্য প্রয়োজনে টিউটরের সাহায্য নিন। একই পদ্ধতি অনুসরণ করে সব পাঠ অধ্যয়ন শেষ করুন।

- পাঠশেষে পাঠোত্তর মূল্যায়নের প্রশ্নগুলোর উত্তর দেওয়ার চেষ্টা করুন। ইউনিটের শেষে দেওয়া উত্তরমালার সাথে আপনার উত্তর মিলিয়ে দেখুন। সব প্রশ্নের উত্তর সঠিক না হলে এই পাঠটি আবারও ভালো করে পড়ুন এবং প্রশ্নগুলোর সঠিক উত্তর দিতে চেষ্টা করুন। এরপর চূড়ান্ত মূল্যায়ন অংশের সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর জানা আছে কি না দেখুন। জানা না থাকলে সংশ্লিষ্ট অংশ আবার পড়ুন।
- ওপেন স্কুলের এই বইটি ছাড়াও স্থানীয় স্টাডি সেন্টারে আপনার জন্য টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা রয়েছে। আপনি প্রথমেই আপনার বিষয়ে কতটি টিউটোরিয়াল ক্লাস পাবেন তা আপনার স্টাডি সেন্টার থেকে জেনে নিন এবং আপনার স্টাডি সেন্টারের প্রতিটি টিউটোরিয়াল ক্লাসে অংশগ্রহণ করুন।

মার্জিন আইকন (Margin Icons)

কোর্সটি অধ্যয়ন করার পূর্বে কোর্সটিতে পর্যায়ক্রমে যে সমস্ত আইকন/প্রতীক ব্যবহৃত হয়েছে সে-সম্পর্কে আপনাকে প্রথমেই পরিচিত হতে হবে। এতে পুরো কোর্স মড্যুলের কোনটি শিখনফল, কোনটি বিষয়বস্তু/মূলপাঠ, কোনটি পাঠোত্তর মূল্যায়ন, কোনটি চূড়ান্ত মূল্যায়ন ইত্যাদি সম্পর্কে সহজেই অবহিত হতে পারবেন। নিম্নে ব্যবহৃত বিভিন্ন আইকন বা প্রতীকগুলো দেখানো হলো :

কোর্স /ইউনিট সমাপ্তির সময়	উদ্দেশ্য	মূলপাঠ	শব্দার্থ	সারসংক্ষেপ	পাঠোত্তর মূল্যায়ন
চূড়ান্ত মূল্যায়ন	অ্যাসাইনমেন্ট	উত্তরমালা	ভিডিও বা দেখা	অডিও বা শোনা	সাহায্য/প্রয়োজনে

কোর্স সমাপ্তির সময়	কোর্সটি সমাপ্তির সর্বোচ্চ সময় ৩২ সপ্তাহ

অডিও/ভিডিও	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত এইচএসসি প্রোগ্রামের শিক্ষার্থী বন্ধুদের জন্য বাংলা বিষয়ের অনেকগুলো অডিও/ভিডিও প্রোগ্রাম বর্তমানে বিটিভি/বাংলাদেশ বেতার কর্তৃক সপ্তাহের নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে প্রচারিত হয়ে আসছে। শিক্ষার্থী বন্ধুরা, আপনারা স্টাডি সেন্টার থেকে প্রোগ্রাম সিডিউল সংগ্রহ করে নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে প্রচারিত প্রোগ্রামটি দেখলে উপকৃত হবেন বলে আশা করছি। এসময় বোঝার সুবিধার্থে বইটি সামনে নিয়ে বসুন এবং প্রয়োজনীয় বিষয়গুলো নোট করার জন্য কাগজ, কলম সাথে রাখুন। কোনো বিষয় বুঝতে অসুবিধা হলে প্রয়োজনে আপনার টিউটরের সহায়তা নিন।

সাহায্য বা সহায়তার জন্য পরামর্শ নিন–

আপনার স্টাডি সেন্টারের কোর্স টিউটর

ড. মো. চেঙ্গীশ খান সহযোগী অধ্যাপক (বাংলা) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। ইমেইল : chenggish@gmail.com	**মেহেরীন মুনজারীন রত্না** সহকারী অধ্যাপক (বাংলা) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। ইমেইল : meherin2010.bou@gmail.com

সূচিপত্র

			পৃষ্ঠা
ছোটগল্প		লেখকের নাম	
	বাংলা ছোটগল্পের উদ্ভব ও বিকাশ		০১–০৮
০১.	শাস্তি	রবীন্দ্রনাথ ঠাকুর	০৯–২০
০২.	হুজুর কেবলা	আবুল মনসুর আহমদ	২১–৩৬
০৩.	অর্জুন মণ্ডল	বলাইচাঁদ মুখোপাধ্যায়	৩৭–৪৭
০৪.	প্রাগৈতিহাসিক	মানিক বন্দ্যোপাধ্যায়	৪৮–৬১
০৫.	একটি তুলসী গাছের কাহিনি	সৈয়দ ওয়ালীউল্লাহ্	৬২–৭১
০৬.	আমিনা ও মদিনার গল্প	সেলিনা হোসেন	৭২–৮২
কাব্যগ্রন্থ	অগ্নি-বীণা	কাজী নজরুল ইসলাম	
	'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থ : সাধারণ আলোচনা		৮৩–৯৭
০১.	প্রলয়োল্লাস		৯৮–১০৩
০২.	বিদ্রোহী		১০৪–১১২
০৩.	রক্তাম্বরধারিণী মা		১১৩–১১৭
০৪.	আগমনী		১১৮–১২৪
০৫.	ধূমকেতু		১২৫–১৩১
০৬.	কামাল পাশা		১৩২–১৪৪
০৭.	আনোয়ার		১৪৫–১৫১
০৮.	রণ-ভেরী		১৫২–১৫৮
০৯.	শাত্-ইল্-আরব		১৫৯–১৬৪
১০.	খেয়া-পারের তরণী		১৬৫–১৬৯
১১.	কোরবানী		১৭০–১৭৫
১২.	মোহর্‌রম		১৭৬–১৮২
উপন্যাস	সূর্য-দীঘল বাড়ি	আবু ইসহাক	১৮৩–২৮৯
	মানবণ্টন ও নমুনা প্রশ্ন		২৯১-২৯৮

এইচএসসি প্রোগ্রাম

উচ্চতর বাংলা প্রথম পত্র

কোর্স কোড : HSC-1854

মানবণ্টন : পূর্ণমান : ১০০

১. সৃজনশীল প্রশ্ন (কাঠামোবদ্ধ)	: ৬০ নম্বর	(৬×১০ = ৬০)	**: সময়–** ২ ঘণ্টা ১০ মিনিট
২. বহুনির্বাচনি প্রশ্ন	: ৪০ নম্বর	(৪০×১ = ৪০)	**: সময়–** ৪০ মিনিট
		সর্বমোট = ১০০	

১. সৃজনশীল প্রশ্ন : ৬০ নম্বর (৬×১০ = ৬০)

‘ক’ বিভাগ– ছোটগল্প

৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে– (২×১০ = ২০)

‘খ’ বিভাগ– ‘অগ্নি-বীণা’ কাব্যগ্রন্থ

৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে– (২×১০ = ২০)

‘গ’ বিভাগ– উপন্যাস

৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে– (২×১০ = ২০)

২. বহুনির্বাচনি প্রশ্ন : ৪০ নম্বর (৪০×১ = ৪০)

বহুনির্বাচনি অংশে দক্ষতার স্তর ঠিক রেখে মোট ৪০টি প্রশ্ন থাকবে।
সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ১ নম্বর।

ক. ছোটগল্প থেকে ১৪টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে : সব কয়টির উত্তর দিতে হবে– (১৪×১ = ১৪)
খ. কাব্যগ্রন্থ থেকে ১৩টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে : সব কয়টির উত্তর দিতে হবে– (১৩×১ = ১৩)
গ. উপন্যাস থেকে ১৩টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে : সব কয়টির উত্তর দিতে হবে– (১৩×১ = ১৩)
সর্বমোট = ১০০

সৃজনশীল প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে, যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, সমীকরণ, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।
প্রশ্ন ৪টির নম্বর বন্টন হবে নিম্নরূপ :

ক. জ্ঞান স্তর– ১
খ. অনুধাবন স্তর– ২
গ. প্রয়োগ দক্ষতা স্তর– ৩
ঘ. উচ্চতর দক্ষতা স্তর– ৪

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে (১+২+৩+৪) = ১০